**রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ**
**(রাজশাহী ওয়াসা)**
বিমানবন্দর সড়ক, আহম্মদনগর, রাজশাহী-৬২০৩
www.rajshahiwasa.org.bd

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০২.০০.১৮৪.১৭- ৪৮৬

তারিখঃ- ০৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

**বিষয় ঃ স্থানীয় সরকার বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-৩ শাখার স্মারক নং–৪৬.০৯১.০১৬.০০.০০২.২০১৪- ৪১; তারিখঃ ০৪.০৭.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকান্ডের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে রাজশাহী ওয়াসার উল্লেখযোগ্য সাফল্যজনক কার্যক্রম নির্ধারিত 'ছক' মোতাবেক সচিত্র তথ্য সম্বলিত প্রবিদেন প্রস্তুত করে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

**সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক ০৫(পাঁচ) পাতা।**

২৪/৭/১৮

**সুলতান আব্দুল হামিদ**
ব্যবস্থাপনা পরিচালক
ফোন নং-০৭২১-৭৬১৬৪০
ই-মেইলঃrajshahiwasa@gmail.com

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ** ঃ জনাব শিপ্রা দত্ত
সহকারী সচিব (মনিটরিং-৩ শাখা)
স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

# রাজশাহী ওয়াসা

**১.ভূমিকা :**


রাজশাহী মহানগরী বাংলাদেশের উত্তরাঞ্চলের একটি বিভাগীয় শহর এবং বাংলাদেশের ১১টি সিটি কর্পোরেশনের একটি। ১৯৮৭ইং সালে প্রায় ৪৮.৪৭ বর্গ কিলোমিটার এলাকা নিয়ে রাজশাহী পৌরসভা সিটি কর্পোরেশনে রূপান্তরিত হয়। বর্তমানে সিটি কর্পোরেশনের এলাকা বৃদ্ধি পেয়ে প্রায় ৯৮ বর্গ কিলোমিটার হয়েছে। এ মহানগরীতে বর্তমানে লোকসংখ্যা প্রায় ৪.৯৪ লক্ষ যার মধ্যে বহু সংখ্যক ভাসমান জনগোষ্ঠিসহ বস্তিবাসি অন্তর্ভূক্ত রয়েছে। এই নগরী লম্বায় ১২ কিঃমিঃ এবং প্রস্থে প্রায় ৮ কিঃমি।

✓ **রাজশাহী মহানগরীর সাধারণ তথ্যসমূহ :**

| | | |
|---|---|---|
| আওতাভূক্ত এলাকা | | রাজশাহী সিটি বর্পোরেশন এরিয়া |
| মোট আয়তন | | ১০৪.১৫ বর্গ কিলোমিটার |
| ওয়ার্ডের সংখ্যা | | ৩০ |
| মহল্লার সংখ্যা | | ১৬৬ |
| হোল্ডিং সংখ্যা | | ৫৮,৩১২ টি |
| House hold সংখ্যা | | ৯৩,৩০০ টি |
| House hold সাইজ | | ৪.৮২ |
| হোল্ডিং প্রতি গড়ে House hold এর সংখ্যা | | ১.৬ |
| জনসংখ্যা | জনসংখ্যা ( ২০১৭ইং) | ৪,৯৪,৭০০ জন |
| | জনসংখ্যা বৃদ্ধির হার | ১.৩৭ % |
| আবহাওয়া | তাপমাত্রা | ৭°সে. হতে ৪১°সে. |
| | বার্ষিক গড় বৃষ্টিপাত | ১৪৩৮মি.মি., যা জাতীয় গড় ২৩২০মি.মি. এর চেয়ে কম |
| পরিবেশ | বর্জ ব্যবস্থাপনা | ৩০০ টন/দিন |
| | পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা | ০% |
| | স্যানিটেশন কাভারেজ | ৯২% |
| | ড্রেনেজ ব্যবস্থাপনা | মহানগরীর ৭০% এরিয়া |

✓ **বিবর্তনের ইতিহাস :**

রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থা চালু করা হয় ১৯৩৭ইং সালে। পরবর্তীতে পাকিস্তান আমলে ১৯৬১খ্রিঃ সালের পর হতে বাংলাদেশ সরকারের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নমূলক কাজ হাতে নেয় এবং পানি সরবরাহ ব্যবস্থার কিছুটা শৃংখলা আনায়ন করে। কিন্তু এই ব্যবস্থাপনা সীমিত আকারে ছিল এবং সার্বক্ষনিক পানি সরবরাহ ব্যবস্থা চালু ছিল। পরবর্তীতে এ মহানগরীর জন্য ১৯৮০ইং সালের পর ডাচ সাহায্যপুষ্ট একটি প্রকল্প হাতে নেয়া হয়। সে প্রকল্পের আওতায় উচ্চজলাধার নির্মাণ করতঃ পানি সরবরাহ ব্যবস্থাপনায় শৃংখলা সৃষ্টির প্রয়াস নেয়া হয়। উল্লেখ্য ডাচ সাহায্যপুষ্ট প্রকল্পটি সীমিত আকারে থাকার কারণে নগরীর জনগণের পর্যাপ্ত পানির চাহিদা পূরণে যথেষ্ট ছিল না। এর প্রায় ১০ বছর পর সিটি কর্পোরেশন নিজের উদ্যোগে কিছু উৎপাদক নলকূপ খনন ও পাইপ স্থাপন কাজ সম্পন্ন করে। এটিও ছিল নগরীর ক্রমবর্ধমান জনগণের তাৎক্ষনিক চাহিদা পূরণের জন্য একটি সীমিত ব্যবস্থামাত্র।



ঢোপ কল

পরবর্তীতে ১৯৯৬ইং সালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ প্রকল্প হাতে নেয়া হয়। এই প্রকল্পের আওতায় ৪টি ভূগর্ভস্থ পানি শোধনাগার, ৩০টি উৎপাদক নলকূপ এবং ২৩১.৪৮কিঃমিঃ পাইপ লাইন স্থাপন করা হয়। রাজশাহী সিটি কর্পোরেশনভূক্ত এলাকার জন্য ১ আগস্ট, ২০১০ তারিখে রাজশাহী ওয়াসা প্রতিষ্ঠিত হয়। বিগত ১০ মার্চ, ২০১১ তারিখ হতে শালবাগান, পবা পানিশোধনাগার বিল্ডিং-এ রাজশাহী ওয়াসার কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

**২.লক্ষ্য ও উদ্দেশ্য :**

রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত নাগরিকদের সুপেয় ও নিরাপদ পানি নিরবিচ্ছিন্নভাবে সরবরাহ নিশ্চিত করা রাজশাহী ওয়াসার অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য। নগরবাসীকে নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে পদ্মা নদীর পানিকে ব্যবহার করে ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও উৎপাদক নলকূপ হতে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ নিশ্চিত করা। এমনকি বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার প্রেক্ষিতে ওয়াটার ট্যাংকারের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থ করা। সুষ্ঠু পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন, পরিচালন, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ রাজশাহী ওয়াসার দৈনন্দিন কাজের আওতাভূক্ত। অদুর ভবিষ্যতে উন্নতমানের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গ্রহণ ও নিশ্চিতকরণ রাজশাহী ওয়াসার অন্যতম লক্ষ্য।

**৩. রাজশাহী ওয়াসার সাংগঠনিক কাঠামো ও জনবল :**

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্যপদ | বছরভিত্তির সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| রাজশাহী ওয়াসার মোট পদ সংখ্যা | ১৫৭ | ৮৯ | ৬৮ | - | রাজশাহী সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে পানি শাখায় ১৫৭ টি পদ অনুমোদিত। ২০১০ সালের ১ আগষ্ট ওয়াসার সৃষ্টিকালে বিভিন্নপদে ৬১ জন রাজশাহী ওয়াসাতে স্থানান্তরিত হয়ে আসে। পরবর্তীতে ২০১৩ সালে ৪১ জন বিভিন্ন পদে নিয়োগ হয় এবং প্রেষণে নিয়োজিত-৫ জন। এতে মোট জনবল দাঁড়ায় (৬১+৪১+৫) =১০৭ জন। ইতিমধ্যে (মৃত্যুবরণ-৬জন+অবসর গ্রহণ-৯জন+পদত্যাগ-৩ জনিত কারনে) ১৮টি পদ শূন্য হয়, ফলে বতমানে ৮৯ জন কর্মরত রয়েছে এবং শূন্যপদের সংখ্যা ৬৮ জন। |
| **মোট** | **১৫৭** | ৮৯ | ৬৮ | - | |

**৪.২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব আয়ের খাত ভিত্তিক বিবরণী ঃ**

| খাত | লক্ষ্যমাত্রা | অর্জণ | বকেয়া | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| রাজস্ব আয় | ৭৪২.০০ লক্ষ | ৫০০.০০ লক্ষ | ২৪২.০০ লক্ষ | পত্রিকায় বিজ্ঞাপন ও গ্রাহকের নিকট বকেয়া পরিশোধের নোটিশ প্রদান ও গণশুনানীর আয়োজন করা হয়। |

## ৫. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী ঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/আর্থিক সংশ্লেষ্ট/সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা | | অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১. | প্রকল্পের নামঃ রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থার পুনঃসংস্কার।<br>অর্থায়নের উৎস ঃ সম্পূর্ণ জিওবি<br>সমাপ্তি কাল ঃ ডিসে:/২০১৮ | ➢ রাজশাহী মহানগরীর ক্রমবর্দ্ধমান জনগণের জন্য পানি সরবরাহের কাভারেজ ৬৭% থেকে ৮৭% এ বৃদ্ধি;<br>➢ দৈনিক জনপ্রতি গড়ে পানির ব্যবহার (Consumption) ৬৫ লিটার থেকে ১০০ লিটারে বৃদ্ধি;<br>➢ পানির গুণগতমান বৃদ্ধিকরণ;<br>➢ পানির বিল আদায়ের হার বৃদ্ধি;<br>➢ নন্ রেভিনিউ ওয়াটার পানির সিস্টেম লস ৩৮% থেকে ২৩%এ হ্রাস;<br>➢ অর্থনৈতিক ব্যবস্থাপনা এবং জনশক্তি ব্যবস্থাপনা উন্নতকরণের মাধ্যমে টেকসই পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা। | **(ক) রাজস্ব ব্যয়**<br>১. ভ্রমন ব্যয় (প্রশিক্ষণ)<br>২. মুদ্রণ ও বাধাঁই (টেন্ডার ডকুমেন্ট তৈরী ও অন্যান্য ডকুমেন্ট)<br>৩. ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্প, পেপার, কলাম, পেন্সিল, ষ্ট্যাপলার ও পানচিং মেশিন ইত্যাদি সরবরাহ।<br>৪. বিজ্ঞাপন ও প্রকাশনা (টেন্ডার নোটিশের জন্য বিজ্ঞাপন)<br>৫. প্রশিক্ষণ ব্যয়<br>৬. কমিটি, মিটিং, কমিশন (টিওসি, টিইসি, পিআইসি ও মিটিং এর সদস্যদের সম্মানী)<br>৭. আইসিটি ই-গভর্ণ্যান্স (আইসিটি/এমআইএস/ জিআইএস সরঞ্জাম সরবরাহ ও স্থাপন)<br>৮. রোডস ব্রিজ ও হাইওয়ে (পাইপ লাইন লেয়িং এর জন্য রোড রিষ্ট্রোরেশন)<br>**(খ) মূলধন ব্যয়**<br>১. মটর ভেহিকল (মটর সাইকেল)<br>২. ফার্ণিচার ও ফিক্সার (আসবাবপত্র সরবরাহ)<br>৩. বৈদ্যুৎতিক সরঞ্জাম (বিদ্যমান SWTP এ ইনটেক পয়েন্ট পোল, ট্রান্সফরমার ও কন্ডাকটর স্থাপন)<br>৪. বৈদ্যুৎতিক সরঞ্জাম (বিদ্যমান পাম্প মটরের কন্ট্রোল প্যানেল সরবরাহ ও স্থাপন)<br>৫. স্যানিটেশন ও পানি সরবরাহ (সাব-মারসিবল পাম্প মটর সেট সরবরাহ)<br>৬. অন্যান্য ভবন ও ষ্ট্রাকচারস (ষ্টোর)<br>৭. স্যানিটেশন ও পানি সরবরাহ (লেয়িং অব ১০০ মিঃমিঃ পাইপ লাইন)<br>৮. স্যানিটেশন ও পানি সরবরাহ (লেয়িং অব ১৫০ মিঃমিঃ পাইপ লাইন)<br>৯. স্যানিটেশন ও পানি সরবরাহ (লেয়িং অব ২০০ মিঃমিঃ পাইপ লাইন)<br>১০. স্যানিটেশন ও পানি সরবরাহ (লেয়িং অব ২৫০ মিঃমিঃ পাইপ লাইন)<br>১১. স্যানিটেশন ও পানি সরবরাহ (লেয়িং অব ৩০০ মিঃমিঃ পাইপ লাইন)<br>১২. স্যানিটেশন ও পানি সরবরাহ (স্থাপন ও প্রডাকশন টিউবওয়েল)<br>১৩. স্যানিটেশন ও পানি সরবরাহ (বিদ্যমান SWTP এ ইনটেক পাইপ লাইনের জন্য ইনটেক স্থানান্তর ও স্থাপন)ম | ১০০% | ১৪০০.০০ লক্ষ টাকা | বর্তমান ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষমাত্রার ১০০% | ১৪০০.০০ লক্ষ টাকা |

**৬.মানব সম্পদ উন্নয়ন :**

৬.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | রাজশাহী ওয়াসা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| - | - |

৬.২ রাজশাহী ওয়াসা কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৭- ১৮) কোন ইন-হাউজ প্রশিক্ষণের বর্ণনা ঃ

| **প্রশিক্ষণ কর্মসূচির নাম** | **প্রশিক্ষণের মেয়াদ** | **উদ্যোগী সংস্থা /এজেন্সীর নাম** | **রাজশাহী ওয়াসা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা** |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। S.D.G বাস্তবায়ন। | ০১ দিন | রাজশাহী ওয়াসা | ১৭ জন |
| ২। চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রশিক্ষণ। | ০১ দিন | রাজশাহী ওয়াসা | ৩৩ জন |
| ৩। চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দায়িত্ব-কর্তব্য ও আচার-আচরণ সংক্রান্ত প্রশিক্ষণ। | ০১ দিন | রাজশাহী ওয়াসা | ১৩ জন |
| ৪। মৌল অফিস ব্যবস্থাপনা কোস গ্রেড ১০ হতে ১৮। | ০৮ দিন | রাজশাহী ওয়াসা | ১৯ জন |
| ৫। মৌল অফিস ব্যবস্থাপনা কোস গ্রেড ১০ হতে ১৮। | ০৮ দিন | রাজশাহী ওয়াসা | ২২ জন |
| ৬। রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারী গণের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ। | ০১ দিন | রাজশাহী ওয়াসা | ৩০ জন |
| ৭। ই-ফাইলিং | ১৬ ঘন্টা | রাজশাহী ওয়াসা | ১৮ জন |

**৭. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য ঃ** ২০১৭-১৮ অর্থ বছরে অডিট সম্পন্ন হয়নি।


**৮. ২০১৭-২০১৮ অর্থ বছরে অর্জন/সাফল্য ঃ**

- অফিসে ১৫ mbps স্পীড ইন্টারনেট স্থাপন করা হয়েছে।
- অফিসে W-Fi সুবিধা চালু করা হয়েছে।
- পানির কাভারেজ ৭১% হতে বৃদ্ধি পেয়ে ৮০% উন্নীত করা হয়েছে।
- ৪০ টি নতুন পাম্পমটর ক্রয় করা হয়েছে।
- ১০" পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন ২ কি.মি.।
- ৮" পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন ৪ কি.মি.।
- ৬" পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন ১২ কি.মি.।
- ৪" পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন ৪ কি.মি.।
- স্বল্প আয়ের জনগণের জন্য ৩২ টি ওয়াটার পয়েন্ট স্থাপন করা হয়েছে।
- ১০টি নতুন উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে।
- পানি সংযোগের গ্রাহক সংখ্যা ৭০৯৪ টি বৃদ্ধি পেয়েছে।
- ই-নথি চালু করা হয়েছে।
- রাজশাহী ওয়াসায় নিজস্ব সার্ভার স্থাপন করা হয়েছে।

২০১৭-২০১৮ অর্থ বছরের পাইপ লাইন স্থাপন এর চিত্র

| | |
|---|---|
|  |  |

২০১৭-২০১৮ অর্থ বছরে ই-নথি উদ্বোধন এর চিত্র

| | |
|---|---|
|  |  |

| ৩২টি ওয়াটার পয়েন্ট স্থাপন | ৪০ টি নতুন পাম্প মটর ক্রয় |
|---|---|
|  |  |